

M.A.-I/Bengali-101C/18

M.A. 1st Semester Examination, 2018

BENGALI

Paper : 101C

Course ID : 10151

Time: 2 Hours

Full Marks: 40

*The figures in the margin indicate full marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। চর্যাপদের আর্থ-সামাজিক পটভূমির পরিচয় দাও। এর প্রভাব চর্যাপদগুলিতে কতটা পড়েছে তা দেখাও। ৫+৫=১০

অথবা,

বাংলা সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতির অন্তর্ভুক্তির সপক্ষে যুক্তি দাও। এ প্রসঙ্গে তাঁর কবিপ্রতিভার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। ৫+৫=১০

- ২। মধ্যযুগের বাংলা ভাষায় অনুবাদ কাব্যধারার উদ্ভবের কারণগুলি উল্লেখ করো। কাশীরাম দাসের কবিপ্রতিভার পরিচয় দাও। ৫+৫=১০

অথবা,

বাংলা সাহিত্যের ইতিহাসে আরাকান রাজসভার কবিদের অবদান সংক্ষেপে বিশ্লেষণ করো। এ প্রসঙ্গে দৌলত কাজীর কবিপ্রতিভার পরিচয় দাও। ৫+৫=১০

- ৩। জীবনীসাহিত্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে কৃষ্ণদাস কবিরাজের কবিপ্রতিভার বিভিন্ন দিকের পরিচয় প্রদান করো। ৫+৫=১০

অথবা,

বিজয়গুপ্ত কে? তাঁর কবিপ্রতিভার স্বাতন্ত্র্যের দিকগুলি উদাহরণসহ আলোচনা করো। ২+৮=১০

- ৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের গুরুত্ব বিচার করো।

(খ) মনসামঙ্গল কাব্যের চাঁদ সওদাগর চরিত্রটির পরিচয় দাও।

(গ) কৃত্তিবাসের কাব্যের আখ্যান বয়নের স্বাতন্ত্র্য সম্পর্কে লেখো।

(ঘ) 'অন্নদামঙ্গল' কাব্যের অভিনবত্ব বিচার করো।